# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭২৬

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ নিশ্চয়ই মাদীনাবাসী মানুষদের মাঝে শ্রেষ্ঠ আর যারা বিরাগভাজন হয়ে মাদীনা থেকে বের হয়ে চলে যায়, তারা সবচেয়ে মন্দ লোক মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ أَهْلَ الْمَدِينَةِ مِنْ خِيَارِ النَّاسِ وَأَنَّ الْخَارِجَ عَنْهَا رَغْبَةً عَنْهَا مِنْ شِرَارِهِمْ

---

আরবী

3726 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا الْقَعْنَبِيُّ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنِ الْعَلَاءِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ: (يَأْتِي عَلَى النَّاسِ زَمَانٌ يَدْعُو الرَّجُلُ ابْنَ عَمِّهِ وَقَرِيبِهِ: هَلُمَّ إِلَى الرَّخَاءِ هَلُمَّ إِلَى الرَّخَاءِ وَالْمَدِينَةُ خَيْرٌ لَهُمْ لَوْ كَانُوا يَعْلَمُونَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ مَا يَخْرُجُ أَحَدٌ مِنْهَا رَغْبَةً عَنْهَا إِلَّا أَخْلَفَ اللَّهُ فِيهَا خَيْرًا مِنْهُ أَلَا إِنَّ الْمَدِينَةَ كَالْكِيرِ تُخْرِجِ الْخَبَثَ وَلَا تَقُومُ السَّاعَةُ حَتَّى تَنْفِيَ الْمَدِينَةُ شِرَارَهَا كَمَا يَنْفِي الْكِيرُ خبث الحديد)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3726 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) تحت (274).

বাংলা

৩৭২৬. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “মানুষের কাছে একটা সময় আসবে, যখন মানুষ তার চাচাতো ভাই ও নিকটাত্নীয়দের ডেকে বলবে, “চলো, নরম -উর্বর ভুমির দিকে যাই। চলো, নরম -উর্বর ভুমির দিকে যাই। অথচ মাদীনা তাদের জন্য উত্তম, যদি তারা জানতো। ঐ সত্তার কসম, যার হাতে আমার প্রাণ, যে কোন ব্যক্তি এর প্রতি বিরাগভাজন হয়ে বের হয়ে গেলে, তবে আল্লাহ সেখানে তার চেয়ে উত্তম কাউকে স্থলাভিষিক্ত করবেন। জেনে রাখো, মাদীনা হাপরের ন্যায়, এটি নিকৃষ্ট লোকদের বের করে দিবে। আর কিয়ামত ততদিন পর্যন্ত সংঘটিত হবে না, যতক্ষন না মাদীনা তার

নিকৃষ্ট লোকদের বের করে দিয়েছে, যেভাবে হাপর লোহার ময়লা দূর করে।”[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৩৮১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৭৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=93063

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন